



220207 - ফরয গোসলকালে শাওয়ার স্টলের অভ্যন্তরে ওযু করার হুকুম

প্রশ্ন

ফরয গোসলকালে শাওয়ার স্টলের অভ্যন্তরে ওযু করা কি জায়যে? আমি এমন কিছু পড়ছি যার মর্ম হচ্ছে- গোসল করাকালে শরীর থেকে যত পানি ঝরে পড়ে প্রবহমান সেই পানির ওপর দাঁড়ালে ওযু ভাঙবে যাবে। এ বিষয়টি কি সঠিক? আমি যখন গোসল করি তখন তত আমি শাওয়ারের নীচে দাঁড়াই; আর আমার গায়ের উপর পানি পড়তে থাকে। এতে করে আমার শরীর থেকে যত পানি ঝরে পড়ে আমি তত সেই পানির ওপর দাঁড়িয়ে থাকি।

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।

গোসল বা ওযু করাকালে শরীর থেকে যত পানি ঝরে পড়ে সেই পানির ওপর দাঁড়িয়ে থাকলে ওযু ভাঙবে না। যহেতু ফরয গোসলের বা ওযুর ঝরে পড়া সেই পানি পবিত্র।

বরং আমরা যদি ধরে নই, সেই পানি নাপাক; সতত এভাবে যত গোসলখানার দয়োলরে কোন ছিদ্র দিয়ে যদি নাপাকি পড়ে এবং নাপাকি কিছু অংশ গোসলকারীর গায়ে লাগে: এতে করেও ওযু ভাঙবে না। বরং ওযু নষ্ট হয় নিজের শরীর থেকে নাপাকি বরে হলে; কোন নাপাকি শরীরে লাগলে নয়।

যদি পরপূর্ণ পবিত্রতা অর্জন করার পর শরীরের কোন অঙ্গে কোন ময়লা বা নাপাকি লাগে তাহলে সেই ময়লা ধুয়ে দূর করা যায়।

ইমাম মুসলিম মাযমুনাহ (রাঃ) এর হাদিস সংকলন করছেন (৩১৭) যত, তিনি বলেন: “একবার আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জন্য ফরয গোসলের পানি এগিয়ে দলাম। তখন তিনি দুইবার বা তিনবার হাতের কব্জদ্বয় ধৌত করলেন। এরপর তার হাত পাত্রে প্রবশে করলেন। ঐ হাত দিয়ে তার লজ্জাস্থানে পানি ঢাললেন, আর বাম হাত দিয়ে সটোক ধৌত করলেন। তারপর বাম হাত মাটিতে রেখে হাতটিকে উত্তমভাবে ঘষলেন। এরপর সালাতের ওযুর মত ওযু করলেন। এরপর অঞ্জলি ভরে তিনি অঞ্জলি পানি মাথার ওপর ঢাললেন। তারপর সমস্ত শরীর ধৌত করলেন। এরপর দাঁড়ানোর জায়গা থেকে সরে এসে উভয় পা ধৌত করলেন। পরশিষে আমি তাঁর কাছে রুমাল নিয়ে এলে তিনি তা ফরিয়ে দলেন।”

শাইখ উছাইমীন (রহঃ) বলেন:



“গ্ৰন্থকারের কথা: তার পাদ্বয় অন্যত্র ধৌত করবে; অর্থাৎ যখন গোসল শেষে করবে তখন প্রথম যখনে গোসল করেছে সখোনরে বদলে অন্য স্থানে পাদ্বয় ধৌত করবে। গ্ৰন্থকারের কথার বাহ্যিক মর্ম হচ্ছে: এটি সাধারণ সুন্নাহ্। এমনকি যদি স্থানটি আমাদের গোসলখানার মত পরচ্ছিন্ন হয় তবুও।

আমার কাছে অগ্রগণ্য হলো: প্রয়োজন হলে তখন তার পাদ্বয় অন্য স্থানে ধৌত করবে। যমেন যদি মঝো মাটি হয়। কেননা এমতাবস্থায় সে যদি তার পাদ্বয় ধৌত না করে তাহলে সেগুলো মাটি লগে নোংরা হয়ে থাকবে। এ কথার সপক্ষে প্রমাণ পাওয়া যায় আয়শি (রাঃ) এর হাদিস থেকে যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম গোসলের পর তাঁর পাদ্বয় ধৌত করেনি।”[আল-শারহুল মুমতী (১/৩৬১) থেকে সমাপ্ত]

আল্লাহই সর্বজ্ঞঃ।